**পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির অক্টোবর-২০২২ মাসের সভার কার্যবিবরণী:**
**স্থান: উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়,বিআরডিবি, লৌহজং,মুন্সীগঞ্জ।**
**তারিখ: ২৮/০৬/২০২২খ্রি. সময়-সকাল ১১:০০ ঘটিকা, রোজ মঙ্গলবার**

| ক্র: নং | উপস্থিত সদস্যবৃন্দ | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব রিনা ইসলাম,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,লৌহজং,মুন্সীগঞ্জ। | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | জনাব হাজী মো: মোজাম্মেল হক, চেয়ারম্যান,হলদিয়া ইউনিয়ন পরিষদ,লৌহজং,মুন্সীগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব আবুল কালাম আজাদ,চেয়ারম্যান,খিদিরপাড়া ইউনিয়ন পরিষদ,লৌহজং,মুন্সীগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব ফারুক ইকবাল,ঁচেয়ারম্যান,বেজগাঁও ইউনিয়ন পরিষদ,লৌহজং,মুন্সীগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব রন্তা বেগম, স্থানীয় সেচ্ছাসেবী কর্মী। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব সমো: মনির হোসেন,বিশিষ্ট ব্যক্তি । | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আব্দুল কাদের,উপজেলা সমবায় অফিস,লৌহজং,মুন্সীগঞ্জ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: আব্দুস সাত্তার,উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, লৌহজং,মুন্সীগঞ্জ। | সদস্য সচিব | স্বাক্ষরিত |

অদ্যকার সভা জনাব রিনা ইসলাম,মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,লৌহজং,মুন্সীগঞ্জ,মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ গৃহিত ও অনুমোদিত হয়।

**আলোচ্যসূচী-০১: পল্লী উন্নয়ন ও সমবায় কার্যক্রম গতিশীলকরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন**

সিদ্ধান্ত: ০১নং আলোচ্যসূচী অনুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) স্বাধীনতা পরবর্তী সময় থেকে পল্লী উন্নয়ন সাধনকল্পে দ্বি-স্তর ভিত্তিক সমবায় কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রাতিষ্ঠানিক নিয়মিত কার্যক্রমের মধ্যে সমিতি/দল গঠন, সদস্য অর্ন্তভূক্তি, শেয়ার-সঞ্চয় আদায়, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম নিয়মিত চলছে। উল্লেখিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সমবায় কার্যক্রম গতিশীল করার জন্য আরও তৎপর হওয়ার তাগিদ প্রদান করা হয় ও এ ব্যাপারে সকলকে সহযোগিতা করার আহবান জানানো হয়।

**আলোচ্যসূচী-০২: ঋণ বিতরণ ও খেলাপি ঋণ আদায় সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তগ্রহন**

সিদ্ধান্ত: আলোচ্যসূচী অনুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, অত্র লৌহজং উপজেলায় সকল ইউনিয়নে বিআরডিবি'র বিভিন্ন প্রকল্প/কর্মসূচী চলমান রয়েছে। সদস্যদের চাহিদা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। চলমান প্রকল্প/কর্মসূচী'র অর্ন্তভূক্ত গঠিত সমিতি/দলের মধ্যে অধিকাংশ সমিতি/দলসমূহের সদস্যদের মাঝে বিতরণকৃত ঋণ বর্তমানে খেলাপি অবস্থায় রয়ে গেছে। এই খেলাপি ঋণ আদায়ের জন্য স্থানীয় জনপ্রতিনিধিসহ স্ট্যান্ডিং কমিটির সদস্যদের সহযোগিতা কামনা করা হয়। স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে আলোচনা করে ঋণ বিতরণ করার জন্য পরামর্শ দেয়া হয়।অত:পর আলোচনান্তে খেলাপি সদস্যদের তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট সরবরাহ করে তাদের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়।